

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা এই নিষিদ্ধ কাজ বৈধ হওয়ার উপর প্রমাণ করে

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِإِبَاحَةِ هَذَا الْفِعْلِ المزجور عنه

আরবী

3481 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا الْبُوعَوَانَةَ عَنْ مطرِّفِ عَنْ عامِرٍ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: (إِنْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم لَيَبِيتُ جُنُباً فَيَأْتِيهِ بلالٌ لِصَلَاةِ الْغَدَاةِ فَيَقُومُ فيغتسِلُ فأنظُرُ إِلَى الْمَاءِ ينحَدِرُ مِنْ جلدِهِ ورأسِهِ ثُمَّ أسمَعُ قِرَاءَتَهُ فِي صَلَاةِ الْغَدَاةِ ثُمَّ يَظُلُّ صَائِمًا) ينحَدِرُ مِنْ جلدِهِ ورأسِهِ ثُمَّ أسمَعُ قِرَاءَتَهُ فِي صَلَاةِ الْغَدَاةِ ثُمَّ يَظُلُّ صَائِمًا) قَالَ مطرِّفَ: فقلتُ لَهُ: أَفِي رَمَضَانَ؟ قَالَ: سواءٌ عَلَيْهِ الراوي: عائشة المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1348 اخلاصة حكم المحدث: صحيح الإسناد.

বাংলা

৩৪৮১. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুনুবী অবস্থায় ভোর করতেন। তারপর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু ফজরের সালাত আদায় করার ব্যাপারে তাঁর কাছে আসতেন। তারপর তিনি দাঁড়াতেন অতঃপর গোসল করতেন। আমি দেখতাম তাঁর মাথা ও শরীর থেকে পানি গড়ে পড়তো। তারপর আমি ফজরের সালাতে তাঁর কিরাআত শুনতে পেতাম। তারপর তিনি সিয়াম অব্যাহত রাখতেন।"

মুতার্রিফ রহিমাহুল্লাহ বলেন, "তখন আমি তাকে বললাম, "এটা কি রমযান মাসে?" জবাবে তিনি বলেন, "এটা তাঁর কাছে বরাবর ছিল।"[1]

ফুটনোট



[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮০; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/৩১৪; ইবনু মাজাহ: ১৭০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৪৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন